গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

স্মারক নং -৩২.০১.০০০০.০০৮.২২.১৯৪.২১- ২৮৫ তারিখ: ১১ /০৫/২০২৬ খ্রি:

বিষয়: ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের জুলাই/২০২৫-জুন/২০২৭ চক্রের উপকারভোগী মহিলাদের প্যাকেজ সেবা (প্রশিক্ষণ, সঞ্চয়, ঋণ, খাদ্য বিতরণ) প্রদানের নিমিত্ত মহিলা বিষয়ক অধিদপ্তর এবং চূড়ান্তভাবে নির্বাচিত ২৪৮ টি এনজিও'র মধ্যে চুক্তিনামা স্বাক্ষর প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের জুলাই/২০২৫-জুন/২০২৭ চক্রের উপকারভোগী মহিলাদের প্যাকেজ সেবা (প্রশিক্ষণ, সঞ্চয়, ঋণ, খাদ্য বিতরণ) প্রদানের জন্য ২৮ এপ্রিল/২০২৬ হতে ৩০ জুন/২০২৭ পর্যন্ত মেয়াদে মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে তাঁর সংস্থার আগামী ১৩/০৫/২০২৬ তারিখ চুক্তিনামা স্বাক্ষর হবে। চুক্তিনামার কপি মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়া আছে।

এমতাবস্থায় চূড়ান্তভাবে নির্বাচিত এনজিও'র নির্বাহী পরিচালক/চেয়ারম্যানগণ উপরোল্লিখিত তারিখে মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিডব্লিউবি শাখায় উপস্থিত হয়ে চুক্তিনামা স্বাক্ষরের জন্য অনুরোধ করা হল।

১১/০৫/২৬

(রেবেকা সুলতানা)
উপপরিচালক (চলতি দায়িত্ব),ভিডব্লিউবি
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
☎ ০২-৫৮৩১০৬২৯

নির্বাহী পরিচালক/চেয়ারসম্যান,
-------------------------------------
-------------------------------------
-------------------------------------

০১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। পরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। অফিস কপি।

# চুক্তিনামা

**১ম পক্ষ**
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

**২য় পক্ষ** (এনজিও) স্বাক্ষর ও সীল

## ১. ভূমিকা:

'**ভালনারেবল উইমেন বেনিফিট**'(**ভিডব্লিউবি**) সরকারের অন্যতম একটি সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম, যা উপকারভোগীর জীবনমান উন্নয়নের জন্য পরিচালিত হচ্ছে। জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৭ চক্রে সমগ্র দেশব্যাপী ১০,০০,০০০ (দশ লক্ষ) **ভিডব্লিউবি** উপকারভোগীকে ২৮ এপ্রিল, ২০২৬ হতে জুন, ২০২৭ পর্যন্ত উন্নয়ন প্যাকেজ সেবাসমূহ (যেমন- জীবন দক্ষতা, আয় বর্ধকমূলক প্রশিক্ষণ, সঞ্চয় ও ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টি) প্রদানের জন্য ১ম পক্ষ মহিলা বিষয়ক অধিদপ্তর এবং ২য় পক্ষ বেসরকারি উন্নয়ন সংস্থা'র (এনজিও) সাথে চুক্তি।

## ২. উদ্দেশ্য:

**ভিডব্লিউবি** উপকারভোগীদের জীবন দক্ষতা এবং আয়বর্ধক প্রশিক্ষণের মাধ্যমে জীবন মান উন্নয়ন।

### ২.১ প্যাকেজ সেবা প্রদান:

ক) ২য় পক্ষ নিম্নের ছকে উল্লিখিত জেলা/উপজেলার **ভিডব্লিউবি** উপকারভোগী মহিলাদের প্যাকেজ সেবা প্রদান করবে।

| বেসরকারি উন্নয়ন সংস্থার (এনজিও'র) নাম | কার্যএলাকা ও কার্ড বরাদ্দের পরিমাণ | | | |
|---|---|---|---|---|
| | জেলার নাম | উপজেলার নাম | বরাদ্দকৃত কার্ড সংখ্যা | মোট কার্ড সংখ্যা |
| | | | | |
| | | | | |

খ) **ভিডব্লিউবি কার্যক্রমের প্যাকেজ সেবা:**
**দ্বিতীয় পক্ষ** প্যাকেজ সেবার আওতায় উপকারভোগীদের (১) জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ (২) আইজিএ প্রশিক্ষণ (৩) খাদ্য বিতরণ পরিদর্শন (৪) সঞ্চয় হিসাব খোলা এবং সঞ্চয় জমাকরণে সহযোগিতা প্রদান (৫) ঋণ প্রাপ্তিতে সহযোগিতা প্রদান করবে।

### ২.২ সার্ভিস চার্জ প্রদান পদ্ধতি:

২য় পক্ষ প্যাকেজ সেবা প্রদান বাবদ প্রতি উপকারভোগীর জন্য বার্ষিক ৪২৫/- (চারশত পঁচিশ) টাকা হারে সার্ভিস চার্জ প্রাপ্য হবে। রেটিং: A= ৮১%- ১০০% = ১০০% সার্ভিস চার্জ প্রাপ্য হবেন;
B = ৬১% - ৮০% = ৮০% সার্ভিস চার্জ প্রাপ্য হবেন;
C = ৬০% অথবা এর কম = সার্ভিস চার্জ প্রাপ্য হবেন না।

**ভিডব্লিউবি** কার্যক্রমের সন্তোষজনক মূল্যায়ন প্রতিবেদনের ভিত্তিতে ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষকে বার্ষিক ৪ (চার) কিস্তিতে সার্ভিস চার্জ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তনের পর পরিশোধ করবে।

**২.৩ সার্ভিস চার্জ পরিশোধ পদ্ধতি:** চক্রের প্রথম বছর

| কিস্তি | মেয়াদ, কর্মকান্ড প্রয়োজনীয় ডকুমেন্ট | পরিমাণ |
|---|---|---|
| প্রথম কোয়ার্টার<br><br>এপ্রিল-জুন | ১. চুক্তিপত্র স্বাক্ষরের পর ২য় পক্ষ ভিডব্লিউবি উপকারভোগীদের নিয়ে দল গঠন সম্পন্ন করবে;<br>২. উপকারভোগীদের সঞ্চয় হিসাব খুলতে সাহায্য করবে;<br>৩. খাদ্য বিতরণের তথ্য সংযুক্ত করতে হবে;<br>৪. দুই মাসের কর্মপরিকল্পনা উপজেলা এবং উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এ জমা দিতে হবে;<br>৫. মডিউল-১ এর প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে;<br>৬. এনজিও কর্মচারীদের ২ মাসের বেতন (মে-জুন) পরিশোধের প্রত্যয়ন জমা দিতে হবে। | ১৭.৫৮% |
| দ্বিতীয় কোয়ার্টার<br><br>জুলাই-সেপ্টেম্বর | ১. ত্রৈমাসিক কর্মপরিকল্পনা উপজেলা এবং উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এ জমা দিতে হবে;<br>২. মডিউল-২, মডিউল-৩ এবং মডিউল-৪ প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে;<br>৩. উপকারভোগীদের সঞ্চয় জমাদানের তথ্য সংযুক্ত করতে হবে;<br>৪. খাদ্য বিতরণের তথ্য সংযুক্ত করতে হবে;<br>৫. এনজিও কর্মচারীদের ৩ মাসের বেতন (জুলাই-সেপ্টেম্বর) পরিশোধের প্রত্যয়ন জমা দিতে হবে। | ২৫% |
| তৃতীয় কোয়ার্টার<br><br>অক্টোবর-ডিসেম্বর | ১. ত্রৈমাসিক কর্মপরিকল্পনা উপজেলা এবং উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এ জমা দিতে হবে;<br>২. মডিউল-৫, মডিউল-৬, মডিউল-৭ এবং আয়বর্ধক মডিউল-১ প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে;<br>৩. উপকারভোগীদের সঞ্চয় জমাদানের তথ্য সংযুক্ত করতে হবে;<br>৪. খাদ্য বিতরণের তথ্য সংযুক্ত করতে হবে;<br>৫. এনজিও কর্মচারীদের ৩ মাসের বেতন (অক্টোবর-ডিসেম্বর) পরিশোধের প্রত্যয়ন জমা দিতে হবে। | ২৫% |

**সার্ভিস চার্জ প্রদান পদ্ধতি:** চক্রের দ্বিতীয় বছর

| কিস্তি | মেয়াদ, কর্মকান্ডের প্রয়োজনীয় ডকুমেন্ট | পরিমাণ |
|---|---|---|
| প্রথম কোয়ার্টার<br><br>জানুয়ারি-মার্চ | ১. ত্রৈমাসিক কর্মপরিকল্পনা উপজেলা এবং উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এ জমা দিতে হবে;<br>২. মডিউল-১, মডিউল-২, মডিউল-৩, মডিউল-৪ প্রশিক্ষন রিফ্রেসার্স করাতে হবে;<br>৩. আয়বর্ধকমূলক কাজের বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হবে;<br>৪. জীবন দক্ষতা এবং আয়বর্ধক কাজের বাস্তবায়নের সমন্বিত প্রতিবেদন (ভ্যালুচেইন এর অগ্রগতি) দাখিল করতে হবে;<br>৫. উপকারভোগীদের সঞ্চয় জমাদানের তথ্য সংযুক্ত করতে হবে।<br>৬. খাদ্য বিতরণের তথ্য সংযুক্ত করতে হবে;<br>৭. মডিউল-১ এর প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে;<br>৮. উপকারভোগীদের ক্ষুদ্রঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান করবে (প্রমাণকসহ কতজন কে সহায়তা প্রদান করা হয়েছে); | ২৫% |

| | | |
|---|---|---|
| | ৯. জুলাই, ২০২৭ হতে জুন, ২০২৯ চক্রে উপকারভোগী নির্বাচনে সহযোগিতা প্রদান করবে;<br>১০. এনজিও কর্মচারীদের ৩ মাসের বেতন (জানুয়ারি-মার্চ) পরিশোধের প্রত্যয়ন জমা দিতে হবে। | |
| দ্বিতীয় কোয়ার্টার<br><br>এপ্রিল-জুন | ১. ত্রৈমাসিক কর্মপরিকল্পনা উপজেলা এবং উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এ জমা দিতে হবে;<br>২. মডিউল-৫, মডিউল-৬, মডিউল-৭ এবং আয়বর্ধক মডিউল-১ প্রশিক্ষন রিফ্রেসার্স করাতে হবে;<br>৩. জীবন দক্ষতা এবং আয়বর্ধক কাজের বাস্তবায়নের সম্মন্বিত প্রতিবেদন (ভ্যালুচেইন এর অগ্রগতি) দাখিল করতে হবে;<br>৪. উপকারভোগীদের সফলতার গল্প সংগ্রহ এবং প্রেরণ করতে হবে (কমপক্ষে উপকারভোগীর ১০%);<br>৫. উপকারভোগীদের সঞ্চয় জমাদানের তথ্য সংযুক্ত করতে হবে;<br>৬. খাদ্য বিতরণের তথ্য সংযুক্ত করতে হবে;<br>৭. অবশিষ্ট উপকারভোগীদের ক্ষুদ্রঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান করবে (প্রমাণকসহ কতজন কে সহায়তা প্রদান করা হয়েছে);<br>৮. এনজিও কর্মচারীদের ৩ মাসের বেতন (এপ্রিল-জুন) পরিশোধের প্রত্যয়ন জমা দিতে হবে। | ২৫% |

১) ২য় পক্ষ দল গঠনের ক্ষেত্রে ২০-৩০ জন উপকারভোগীর সমন্বয়ে একটি দল গঠন করবে।

২) **ভিডব্লিউবি** কার্যক্রম প্রশিক্ষণ সেবা বাবদ সার্ভিস চার্জের অর্থ 'এনজিও **ভিডব্লিউবি** কার্যক্রম শিরোনামে' ২য় পক্ষ কর্তৃক সরকারী তফসিলভুক্ত পৃথক একটি ব্যাংক হিসাব নম্বরে পরিচালিত হবে।

৩) কোন এনজিও'র বিরুদ্ধে জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সঞ্চয় জমা সংক্রান্ত বিষয়ে কোন ধরনের অভিযোগ উত্থাপিত হলে অভিযোগ নিষ্পত্তি সাপেক্ষে সার্ভিস চার্জ প্রাপ্য হবে।

৪) সংশ্লিষ্ট জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় থেকে ২য় পক্ষের কার্যক্রমের সন্তোষজনক প্রতিবেদন না পাওয়া গেলে ২য় পক্ষ সার্ভিস চার্জ প্রাপ্য হবে না।

**৩. সাধারণ শর্তাবলী:**

ক) কার্যক্রম বাস্তবায়নে ২য় পক্ষ ইউনিয়ন ও উপজেলা **ভিডব্লিউবি** কমিটিকে সহায়তা করবে এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে ২য় পক্ষের নির্বাহী পরিচালক/উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে লিখিতভাবে ১ম পক্ষকে অবহিত করবে।

খ) ২য় পক্ষ (এনজিও), প্রয়োজন অনুযায়ী সরকারের বিভিন্ন নির্দেশনা চুক্তির মেয়াদকালীণ সময়ে সরকারের সহযোগী সংস্থা হিসেবে সম্পাদন করবে।

গ) **ভিডব্লিউবি** কার্যক্রম বাস্তবায়নের জন্য ২য় পক্ষের একটি সক্রিয় ভূমিকা থাকবে। যেমন:

- উপজেলা পর্যায়ের একজন প্রতিনিধি নিযুক্ত থাকবে;
- MIS সফটওয়্যার ভিত্তিক প্রতিবেদন তৈরী করতে হবে। অতএব, কম্পিউটার পরিচালনায় দক্ষ জনবল থাকতে হবে;

- ইউনিয়ন পরিষদ এবং উপজেলা ও জেলা **ভিডব্লিউবি** কমিটিকে কার্যক্রমের গুণগত মান সম্পর্কে নিয়মিত অবহিত করতে হবে;
- সরকারি পরিপত্র মেনে চলতে হবে;
- স্থানীয় প্রশাসনের সংগে পেশাদারী সম্পর্ক বজায় রাখতে হবে;
- উপকারভোগীদের আইজিএ কর্মকান্ড সফল করার নিমিত্ত স্থানীয় সেবাদানকারী প্রতিষ্ঠান/ প্রতিনিধিদের সাথে কার্যকর যোগাযোগ স্থাপন করতে হবে;
- ব্যবসা পরিকল্পনার ভিত্তিতে আইজিএ কার্যক্রমে বিষয়ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে মাষ্টার ট্রেইনার, জেলা/উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাদের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করতে হবে।

ঘ) চুক্তি সম্পাদনের পর ২য় পক্ষ (এনজিও) কার্যক্রম বাস্তবায়নে অংশগ্রহণ না করলে কিংবা অনাগ্রহ প্রকাশ করলে ১ম পক্ষ চুক্তি বাতিল করবে।

ঙ) চুক্তি বাতিল নোটিশ কার্যকর হওয়ার তারিখ থেকে ২য় পক্ষ ১ম পক্ষের নিকট কোন সার্ভিস চার্জ দাবী করতে পারবে না।

চ) **ভিডব্লিউবি** উপকারভোগীকে মানসম্মত প্রশিক্ষণ সেবা প্রদানের জন্য প্রশিক্ষকের বেতন-ভাতা সম্মানজনক হওয়া বাঞ্চনীয়। চুক্তিবদ্ধ ২য় পক্ষ অভিজ্ঞ ও দক্ষ প্রশিক্ষক নিয়োগ করবে।

ছ) সম্পাদিত চুক্তির শর্তাবলী পালন নিশ্চিত করতে হবে। একই সাথে **ভিডব্লিউবি** কার্যক্রম বাস্তবায়নে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রণীত ও সরবরাহকৃত এনজিও প্যাকেজ সেবা গাইড লাইন/নির্দেশিকা পুঙ্খানুপুঙ্খভাবে অনুসরণকরতঃ সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।

জ) প্রশিক্ষণ কার্যক্রমে উপকারভোগীদের মধ্যে বাল্য বিবাহ রোধকল্পে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে এবং কোন নারী নির্যাতনের বিষয় সংঘটিত হলে অথবা কোন সমস্যা হলে টোল ফ্রি ১০৯ হট লাইন নম্বর এ ফোন দেয়ার পদ্ধতির বিষয়ে আলোচনা করতে হবে।

ঝ) এনজিও প্রতিনিধিগণ স্ব-স্ব কর্ম এলাকায় বাল্য বিবাহ সংক্রান্ত তথ্য প্রাপ্তির সাথে সাথে প্রাপ্ত তথ্য উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের অবহিতকরণসহ বাল্য বিবাহ নিরোধে সক্রিয় ভূমিকা পালন করবে।

ঞ) কর্মীদের বেতন-ভাতাদি প্রতি মাসে পরিশোধ করতে হবে।

## ৪. চুক্তি বাতিল:

১ম পক্ষ (মহিলা বিষয়ক অধিদপ্তর) নিম্নোক্ত যে কোন পরিস্থিতিতে এই চুক্তি স্থগিত বা বাতিল করতে পারবে:

- ২য় পক্ষ (এনজিও) চুক্তি স্বাক্ষরের তারিখ হতে প্রস্তাবিত কর্মপরিকল্পনা অনুযায়ী ২ (দুই) মাসের মধ্যে কাজ সম্পাদন করতে না পারলে;
- ২য় পক্ষের কোন কর্মকর্তা /কর্মচারী যে কোন ধরণের অর্থ আত্মসাৎ-এ জড়িত থাকলে বা কার্যক্রম বিরোধী কর্মকান্ডে লিপ্ত হলে;
- ২য় পক্ষের কোন কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার জন্য কোন ধরণের কর্মকান্ডে লিপ্ত হলে;
- ২য় পক্ষ প্যাকেজ সেবার সন্তোষজনক পারফরমেন্স প্রদানে পর পর দুই বার ব্যর্থ হলে (কোয়ার্টার ভিত্তিক);
- জনস্বার্থে যে কোন কারণে চুক্তি বাতিল করা যাবে।

**৫. সালিস মীমাংসা:**

উভয় পক্ষের মধ্যে যদি কোন সমস্যার উদ্ভব হয় সে ক্ষেত্রে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের সভাপতিত্বে ৩ (তিন) সদস্য বিশিষ্ট প্রতিনিধির (মহিলা বিষয়ক অধিদপ্তর, সংশ্লিষ্ট এনজিও, এনজিও বিষয়ক ব্যুরো) মাধ্যমে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে সমাধান করতে হবে।

**৬. চুক্তির মেয়াদ: ২৮ এপ্রিল, ২০২৬ হতে জুন, ২০২৭ পর্যন্ত।**

**'ভালনারেবল উইমেন বেনিফিট'(ভিডব্লিউবি) কার্যক্রমের** আওতায় **জুলাই ২০২৫ হতে জুন ২০২৭** চক্রের উপকারভোগী মহিলাদের প্যাকেজ সেবা প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর (DWA) ও বেসরকারী উন্নয়ন সংস্থার (NGO) মধ্যে উপরোক্ত শর্তাবলীতে উভয় পক্ষ একমত হয়ে চুক্তি সম্পাদন করলাম।

**৭. স্বাক্ষর:**

| **প্রথম পক্ষ** | **দ্বিতীয় পক্ষ** |
|---|---|
| ______________________ | ______________________ |
| পরিচালক<br>মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | নির্বাহী পরিচালক/চেয়ারম্যান<br>এনজিও |
| সাক্ষী | সাক্ষী |
| ______________________<br>উপসচিব (মবিঅ-২)<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা | i) |
| ______________________<br>ii) উপপরিচালক(ভিডব্লিউবি)<br>মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | ii) |

২৮/০৪/২০২৬

০৫/০৪/২০২৬